

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫৪৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৮৪]

২। তাহারাহ (পবিত্রতা) (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩০. মসজিদে প্রস্রাব এবং অন্যান্য নাপাকী পড়লে তা ধুয়ে ফেলা জরুরী। আর পানি দ্বারাই মাটি পবিত্র হয়, কুঁড়ে ফেলার প্রয়োজন পড়ে না।

باب وُجُوبِ غَسْلِ الْبَوْلِ وَغَيْرِهِ مِنَ النَّجَاسَاتِ إِذَا حَصَلَتْ فِي الْمَسْجِدِ وَأَنَّ الأَرْضَ تَطْهُرُ بالْمَاءِ مِنْ غَيْر حَاجَةٍ إِلَى حَفْرهَا

আরবী

وَحَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا حَمَّادُ، _ وَهُوَ ابْنُ زَيْدٍ _ عَنْ ثَابِتٍ، عَنْ أَنَسٍ، أَنَّ أَعْرَابِيًّا، بَالَ فِي الْمَسْجِدِ فَقَامَ إِلَيْهِ بَعْضُ الْقَوْمِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " دَعُوهُ وَلاَ تُزْرِمُوهُ " . قَالَ فَلَمَّا فَرَغَ دَعَا بِدَلْوٍ مِنْ مَاءٍ فَصَبَّهُ عَلَيْهِ .

বাংলা

৫৪৬-(৯৮/২৮৪) কুতাইবাহ বিন সাঈদ (রহঃ) আনাস (রাযিঃ) থেকে বর্ণিত। (তিনি বলেছেন) এক বেদুঈন এসে মসজিদের মধ্যে প্রস্রাব করতে শুরু করল। উপস্থিত লোকদের মধ্যে কেউ কেউ তাকে বাধা দিতে দাঁড়ালে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ থামো, তাকে প্রস্রাব করতে বাধা দিও না। আনাস বলেন, লোকটির প্রস্রাব করা শেষ হলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক বালতি পানি আনিয়ে তার প্রস্রাবের উপর ঢেলে দিলেন। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৫৫০, ইসলামিক সেন্টারঃ ৫৬৬)

English

Chapter: The obligation to wash away urine and other impurities if they result in the Masjid, and the ground may be purified with water with no need to scrub it

Anas reported: A Bedouin urinated in the mosque. Some of the persons stood up (to reprimand him or to check him from doing so), but the Messenger of Allah (ﷺ) said: Leave him alone; don't interrupt him. He (the narrator) said: And when he had finished, he called for a bucket of water and poured it over.

হাদিসের শিক্ষা



প্রাসঙ্গিক আলোচনা

পেশাবকারীকে বাধা দিতে নিষেধ করার কয়েকটি কারণ থাকতে পারে- (১) মূর্খের প্রতি কোমলতা প্রদর্শন করার জন্য। (২) তার করুন অবস্থার প্রতি লক্ষ্য করে, সম্ভবত পেশাব তাকে কাবু করে ফেলেছে। (৩) উম্মতকে শিক্ষা দেয়ার জন্য যে কীভাবে একজন মূর্খ মানুষকে সঠিকভাবে দিক-নির্দেশনা দেয়া যায়। (৪) পেশাব বন্ধ করলে তার স্বাস্থ্যগত ক্ষতি হতে পারে। (৫) পেশাব নিয়ে দাঁড়িয়ে গেলে হতে পারে তা আরও বেশি জায়গা ময়লা করবে।

মুসলিমের অপর বর্ণনায় এসেছে, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বেদুইনকে ডেকে বললেন, "এ মসজিদসমূহ পেশাবের উপযোগী নয়, অন্যান্য অপরিচ্ছন্ন কাজের জন্যও নয়, তা তো কেবল আল্লাহর যিকির, সালাত ও কুরআন তিলাওয়াতের জন্য।" [সহীহ মুসলিম: ২৮৫] অনুরূপভাবে আবু হুরায়রা রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসে এসেছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবায়ে কেরামকে উক্ত বেদুইনকে ছাড় দিতে বললেন, আরো বললেন, "তোমরা তো কেবল সহজকারীরূপে প্রেরিত হয়েছ, সংকীর্ণকারীরূপে প্রেরিত হওনি।"

হাদীসের শিক্ষা

- ১. পেশাব নাপাক হওয়া।
- ২. মসজিদের পবিত্রতার ব্যাপারে যতুবান হওয়া।
- ৩. যখনি মসজিদ অপবিত্র হয়ে যাবে তখনই তা পবিত্র করার জন্য লেগে যেতে হবে।
- 8. কোনো ভূমি পবিত্র করার জন্য অপবিত্র জায়গায় একবার পানি প্রবাহিত করে দিলেই হবে, সে স্থান থেকে মাটি সরানোর প্রয়োজন নেই। তবে যদি দৃশ্যমান ময়লা থাকে তবে আগে তা দূর করতে হবে তারপর পানি ঢালতে হবে।
- ৫. নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের উত্তম চারিত্রিক উৎকর্ষতা। যে কারণে বেদুইন বলতে আরম্ভ করলো, 'হে আল্লাহ আমাকে ও মুহাম্মাদকে রহমত করুন, আমাদের সাথে আর কাউকে রহমত করবেন না।" যেমনটি সহীহ বুখারীর বর্ণনায় এসেছে।
- ৬. মূর্যদের শিক্ষা প্রদানের ক্ষেত্রে কোমলতা প্রদর্শন করতে হবে।
- ৭. অন্যায় দূর করার জন্য হিকমত অবলম্বন অপরিহার্য।
- ৮. নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের দূরদৃষ্টি ও মানুষের প্রকৃতি সম্পর্কে অবহিত হওয়া।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন